USEO, Web, Fax

২৫.৮.১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
সেক্টর নং-০২, প্লট নং- ৬৪, হোল্ডিং নং- ০৫
ঢাকা রোড, নিউ মার্কেট, যশোর।
demojessore@gmail.com

স্মারক নং ৪৯.০১.৪১০০.০০১.২৩.০০২.১৬.২৫২(৫০)

তারিখঃ ২১/০৮/১৯ খ্রিঃ

বিষয়ঃ ২০১৯ সালে এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষা বৃত্তি প্রদানের লক্ষ্যে আবেদন ফরম বিতরণ ও ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্রঃ **কল্যাণ বোর্ডের পত্র নং- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.১৯(১১). ৬৫৭** **তারিখঃ ১৯/০৮/১৯ খ্রিঃ**

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসে কর্মরত/ প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৯ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ( জিপিএ- ৪.৮০; প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানগণের ক্ষেত্রে জিপিএ- ৪ ) বর্তমানে ২০১৯ সালে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এইসএসসি/ সমমান অথবা ডিপ্লোমা শ্রেণিতে ১ম বর্ষ/ সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক মেধাবী ছাত্র/ ছাত্রীকে বৃত্তি প্রদানের জন্য প্রবাসে বৈধভাবে কর্মরত ও প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীগণের মেধাবী সন্তানদের নিকট হতে (কপি সংযুক্ত) দরখাস্ত আহ্বান করা হয়েছে। নির্বাচিত শিক্ষার্থীগণকে এইচএসসি/সমমান ক্যাটাগিরতে দুই বৎসর এবং ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের ০৪ বৎসর প্রতি বছর ২৭,৫০০/- টাকা হারে (২,০০০×১২=২৪,০০০+৩,৫০০) শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। উক্ত শিক্ষা বৃত্তি কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের নিমিত্তে ব্যাপক প্রচারের লক্ষ্যে সদয় কার্যক্রম গ্রহণের জন্য বিনীত অনুরোধ পূর্বক বিজ্ঞপ্তি ও আবেদন পত্রের নমুনা ফরম এসাথে প্রেরণ করা হলো।

উল্লেখ্য বিজ্ঞপ্তির শর্তানুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় আগামি **৩০/০৯/১৯** খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি জমা দিতে হবে।

সংযুক্তঃ ০২ পাতা

( রাইহেনুর ইসলাম ) ২১/৮/১৯
সহকারী পরিচালক
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
যশোর
ফোন নং-০৪২১/ ৬৬৯১৬
মোবাঃ ০১৯১১ ৯৩১ ৪৩১

**প্রাপক**

০১। উপজেলা নির্বাহী অফিসার, ------------------------, যশোর/ নড়াইল/ মাগুরা।
০২। জেলা শিক্ষা অফিসার, যশোর/ নড়াইল/ মাগুরা।
০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----------------, যশোর/ নড়াইল/ মাগুরা।
০৪। অধ্যক্ষ, সরকারী এম এম কলেজ/ সরকারী সিটি কলেজ/ সরকারী মহিলা কলেজ আব্দুর রাজ্জাক কলেজ/ক্যান্টনমেন্ট কলেজ/ আল হেরা ডিগ্রি কলেজ/ উপ শহর মহিলা কলেজ/ উপশহর ডিগ্রি কলেজ, যশোর।
০৫। অধ্যক্ষ, নড়াইল ভিক্টোরিয়া কলেজ/ নড়াইল সরকারী মহিলা কলেজ লোহাগড়া সরকারী আদর্শ কলেজ, নড়াইল।
০৬। অধ্যক্ষ, মাগুরা সরকারী কলেজ, মাগুরা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। জেলা প্রশাসক, যশোর/ নড়াইল/ মাগুরা।

Education 19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নম্বর- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.১৯.(১১)- ৬৫৭ তারিখ: ১২-০৮-২০১৯খ্রিঃ।

**প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য "প্রবাসী কল্যাণ শিক্ষাবৃত্তি"র দরখাস্ত আহবান**

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৯ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী:**

(১) আবেদনকারীকে ২০১৯ সালে এসএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৪.৮০ প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিষ্টার/বর্ষ) শ্রেণিতে অধ্যয়নরত থাকতে হবে। তবে প্রবাসে মৃত কর্মীর সন্তানগণ জিপিএ-৪ প্রাপ্ত হলে আবেদন করতে পারবে;

(২) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র (ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স) নিয়ে বিদেশ গমন করেছেন অথবা বিদেশে কর্মরত যে সকল কর্মী দূতাবাস/ হাইকমিশনের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বরশীপ গ্রহণ করেছেন সে সকল কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে;

(৩) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবার যারা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন তাদের সন্তানগণও বৃত্তির জন্য আবেদন করতে পারবে। তবে কর্মীর বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র (ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স) থাকতে হবে;

(৪) i) এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ২ বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের ০৪ বছর মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;

ii) উক্ত বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ও শিক্ষাউপকরণসহ অন্যান্য আনুষাঙ্গিক খরচ হিসাবে এসএসসি/সমমানের ক্ষেত্রে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা প্রদান করা হবে;

(৫) **আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:**

i) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র (ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স) সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা/স্মার্ট কার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপের ফটোকপি;

ii) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানদের ক্ষেত্রে দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC ও মৃত্যু সনদ;

iii) শিক্ষার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);

iv) এসএসসি অথবা সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);

(৬) আবেদনপত্র ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে;

(৭) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ বরাবর পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;

(৮) শিক্ষার্থীর মাতার (মাতার অনুপস্থিতিতে পিতা) ব্যবহৃত সঠিক মোবাইল নম্বর (রকেট একাউন্টসহ) অবশ্যই আবেদন ফরমে উল্লেখ করতে হবে;

(৯) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(১০) আবেদনপত্র ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। যথাযথ কাগজপত্র পাওয়া না গেলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

(১১) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কলসেন্টার (নাম্বার ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২-৯৩৩৪৮৮৮) এ সরকারি ছুটি ব্যতিত সকাল ০৭টা থেকে রাত ০৯টার মধ্যে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

(নূরুন আখতার)
উপ-সচিব
পরিচালক (আইআরপি)

পাসপোর্ট সাইজের
০৩ (তিন) কপি
সত্যায়িত ছবি
(প্রধান
শিক্ষক/অধ্যক্ষ/
বিভাগীয় প্রধান
কর্তৃক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

(www.wewb.gov.bd)

**এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির আবেদন ফরম**

১. আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম (স্পষ্ট অক্ষরে) ঃ বাংলায় ঃ..........................................................
ইংরেজি ঃ..........................................................
শ্রেণি ঃ.................................,রোল নম্বর ঃ.......................
বিভাগ/গ্রুপ ঃ .................................,বর্ষ/সেমিস্টার ঃ.......................

২. পিতার নাম ঃ ..........................................................

৩. মাতার নাম ঃ ..........................................................

৪. অভিভাবকের নাম ও সম্পর্ক (পিতা/ মাতার অবর্তমানে) ঃ নাম ঃ..........................................................
সম্পর্কঃ.................................মোবাইল ঃ .......................

৫. জন্ম তারিখ ও বয়স ঃ তারিখ ঃ ............/............../.................., বয়স ঃ ..............................বছর

৬. অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর ঃ ..........................................................
ঃ..........................................................

৭. পিইসি/জেএসসি/এসএসসি/এইচএসসি অথবা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ঃ ..........................................................

৮. বর্তমান ঠিকানা ঃ ..........................................................
..........................................................
..........................................................

৯. স্থায়ী ঠিকানা ঃ গ্রামঃ.................................., ডাকঘর ঃ .......................
উপজেলাঃ.................................., জেলা ঃ .......................

১০. শিক্ষার্থীর মাতা/পিতার মোবাইল নাম্বার (রকেট একাউন্ট নাম্বার সহ) ঃ মোবাইল ঃ.......................

১১. শিক্ষার্থীর মোবাইল নম্বর (যদি থাকে) ঃ মোবাইল ঃ .......................

১২. শিক্ষার্থীর পিতা/মাতার তথ্যাদি ঃ

| ক্রম | পাসপোর্ট নম্বর | দেশের নাম | কর্মস্থলের নাম- ঠিকানা | ফোন/ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |

সংযুক্তিঃ..........................

তারিখঃ............................

..........................................
ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

(শিক্ষার্থীর অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক পূরণ করতে হবে)

প্রত্যয়ন করা যাচ্ছে যে, (শিক্ষার্থীর নাম) .........................................., পিতা ঃ .........................................., মাতা ঃ.......................................... প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী । সে বর্তমানে ................ শ্রেণি, রোল নম্বর ঃ ................. বিভাগ/গ্রুপ ঃ ........................অধ্যয়নরত রয়েছে। আমার জানামতে সে উত্তম চরিত্রের অধিকারী এবং তার আচরন সন্তোষজনক।

১৩. প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ বিভাগীয় প্রধানের মোবাইল নম্বর.......................................................।

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর
(নামযুক্ত সীলসহ)

**বিঃ দ্রঃ সকল ক্রমিক নম্বরে আবশ্যিকভাবে তথ্য প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্যাদি এবং চাহিদাকৃত কাগজপত্রাদি দাখিল করতে ব্যর্থ হলে আবেদন পত্র বাতিল করা হবে।**
**শিক্ষার্থীর মাতা/পিতার মোবাইল নাম্বার (রকেট একাউন্ট নাম্বার) প্রদান করতে হবে ।**